দৈনিক বাংলা

তারিখ ... 08 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের ৫ দফা মেনে নেয়ার দাবী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি অবিলম্বে সকল রেজিস্ট্রিকৃত প্রাথমিক স্কুল জাতীয়করণ, প্রধান শিক্ষক-শিক্ষিকাদের আলাদা বেতন স্কেল প্রদানসহ শিক্ষকদের পাঁচদফা দাবী মেনে নেয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহবান জানিয়েছে।

সোমবার বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে মোঃ শামসুল আলমকে সভাপতি ও আলহাজ আব্বাছ আলী শেখকে মহাসচিব করে ৫১ সদস্য বিশিষ্ট শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির নাম ঘোষণা করা হয়।

সম্মেলনে নেতৃবৃন্দ সংসদ ভবনের কক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি নামিয়ে ফেলার ঘটনায় প্রতিবাদ জানিয়েছেন।

নব নির্বাচিত কমিটির উল্লেখযোগ্যরা হচ্ছেন ঃ সিনিয়র সহসভাপতি মোঃ আবুল হোসেন, সহ-সভাপতি আলহাজ শহীদুল ইসলাম খান, মোসাম্মদ লতিফা খানম, মোঃ আবু বক্কর সিদ্দিক, মোঃ সোলায়মান বাবুল, যুগ্ম মহাসচিব মোঃ মহিউদ্দিন খন্দকার, মোঃ আবু বক্কর সিদ্দিক, মোঃ আজিজুর রহমান খান, মোঃ নূর উদ্দিন তালুকদার, মোঃ জাহেদ, সাংগঠনিক সম্পাদক বাবু যগেন্দ্র মোহন সাহা প্রমুখ।